জীববিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
গার্হস্থ্য অর্থনীতি ইউনিট

তারিখঃ ২৫/১২ /১৪৩২ বঙ্গাব্দ
০৮/০৪/২০২৬ খ্রিস্টাব্দ

## ভর্তি পরীক্ষার ফল প্রকাশ সংক্রান্ত বিজ্ঞপ্তি

গার্হস্থ্য অর্থনীতি ইউনিট ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬


০৪ এপ্রিল ২০২৬ তারিখ শনিবার অনুষ্ঠিত ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে গার্হস্থ্য অর্থনীতি ইউনিটের ভর্তি পরীক্ষার ফল অদ্য **০৮/০৪/২০২৬** তারিখ প্রকাশ করা হলো। পরীক্ষার ফল **collegeadmission.eis.du.ac.bd** ওয়েব সাইট থেকে জানা যাবে। এছাড়া যেকোনো অপারেটরের মোবাইল ফোন থেকে du<>goc<>roll টাইপ করে 16321 নম্বরে send করলে ফিরতি SMS এর মাধ্যমেও ফল জানা যাবে।

**নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে:**

১। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ সকল ভর্তিচ্ছু প্রার্থীকে আগামী **০৯/০৪/২০২৬ থেকে ১৬/০৪/২০২৬** তারিখের মধ্যে ওয়েবসাইটে পছন্দক্রম ফরম (Choice Form) পূরণ করতে হবে। **অতি সতর্কভাবে পছন্দক্রম ফরম পূরণ করতে হবে কারণ পরবর্তীতে পছন্দক্রম পরিবর্তনের সুযোগ নেই।** উক্ত সময়ের পরে ভর্তি প্রক্রিয়া অনুষদের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। প্রার্থীকে অবশ্যই সর্বদা নিজ দায়িত্বে অনুষদের নোটিশ বোর্ড অথবা ওয়েবসাইটের মাধ্যমে ভর্তি সংক্রান্ত যেকোনো তথ্য জেনে নিতে হবে।

২। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ বিভিন্ন কোটায় ভর্তি হতে আগ্রহী প্রার্থীদেরকে **১৩/০৪/২০২৬ থেকে ১৯/০৪/২০২৬** তারিখের মধ্যে সংশ্লিষ্ট কোটার ফরম জীববিজ্ঞান অনুষদের ডিন অফিস হতে সংগ্রহ করে উক্ত সময়সীমার মধ্যে যথাযথভাবে পূরণ করে অফিস চলাকালীন ডিন অফিসে জমা দিতে হবে। **যেকোনো কোটার ফরম সংগ্রহের পূর্বে অবশ্যই অনলাইনে পূরণকৃত পছন্দক্রম ফরম সাথে নিয়ে আসতে হবে।**

৩। ভর্তি পরীক্ষার উত্তরপত্র নিরীক্ষার জন্য কোনো প্রার্থী আগ্রহী হলে =১০০০/- (এক হাজার) টাকা নিরীক্ষা ফি অগ্রণী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় **'গার্হস্থ্য অর্থনীতি ইউনিট' শিরোনামে চলতি হিসাব নং-০২০০০০৩২৮৮১৩৩-তে** জমা দিয়ে টাকা জমার রসিদ, ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের ছায়ালিপিসহ 'ডিন, জীববিজ্ঞান অনুষদ এবং সমন্বয়কারী, গার্হস্থ্য অর্থনীতি ইউনিট ভর্তি ২০২৫-২০২৬, ঢাকা বিশ্ববিদ্যালয়' এর বরাবরে নির্ধারিত ফর্মে আগামী **১২/০৪/২০২৬** থেকে **১৫/০৪/২০২৬** তারিখের মধ্যে অফিস চলাকালীন আবেদন করতে হবে। নিরীক্ষার ফলে বা অন্য কোনো কারণে প্রার্থীর অর্জিত নম্বরের বা ফলের পরিবর্তন হলে নিরীক্ষা ফি/প্রক্রিয়া ফি ফেরত দেয়া হবে এবং মেধা তালিকায় প্রয়োজনীয় সংশোধন করা হবে। এতদসংক্রান্ত ফল আগামী **১৬/০৪/২০২৬** তারিখে জীববিজ্ঞান অনুষদ অফিস থেকে জানা যাবে।



অধ্যাপক ড. মো. এনামুল হক
ডিন, জীববিজ্ঞান অনুষদ
সমন্বয়কারী, গার্হস্থ্য অর্থনীতি ইউনিট ভর্তি ২০২৫-২০২৬
ঢাকা বিশ্ববিদ্যালয়